

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

'বাংলায় অনুদিত'

এফই সার্কুলার নং : ১১

তারিখঃ ১০ মার্চ.২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

ব্যবসায়িক ভ্রমণ কোটা প্রাধিকার সংশোধন প্রসঙ্গে।

নতুন রপ্তানিকারক, স্থানীয় বাজারে সরবরাহের নিমিত্তে উৎপাদনকারক ও আমদানিকারকের জন্য ব্যবসায়িক ভ্রমণ কোটার প্রাপ্যতার বিষয়ে গাইড লাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স ভলিউম-১ (২০০৯) অনুচ্ছেদ-৭ অধ্যায় -১২ তে বর্ণিত নির্দেশনাবলী এখন হতে নিম্ন বর্ণিত সংশোধিত রূপে কার্যকর হবে :

- ক. রপ্তানিকারক, আমদানিকারক ও স্থানীয় বাজারে সরবরাহের নিমিত্তে উৎপাদনকারক বিদেশে ভ্রমণে দৈনিক মার্কিন ডলার ৪০০.০০ এর সমপরিমাণ বৈদেশিক মুদ্রা প্রাপ্য হবেন। তবে উক্ত প্রাধিকার প্রতি ভ্রমণের জন্য মার্কিন ডলার ৪,০০০.০০ এবং এক পঞ্জিকা বর্ষে মার্কিন ডলার ১০,০০০.০০ পর্যন্ত সীমাবদ্ধ থাকবে। অধিকন্তু রপ্তানিকারকগণ বিদেশে ব্যবসায়িক ভ্রমণের ক্ষেত্রে ফরেন কারেন্সী রিটেশন কোটা হিসাবের স্থিতিও ব্যবহার করতে পারবেন।
- খ. বাংলাদেশের ব্যবসায়িক প্রতিষ্ঠানে বৈধ ভিসা ও কর্মানুমতি প্রাপ্ত উর্ধ্বতন পর্যায়ে কর্মরত বিদেশী নাগরিকগণও (শীর্ষ দুই নির্বাহী) বাংলাদেশী নাগরিকগণের ন্যায় একই ব্যবসায়িক ভ্রমণকোটা প্রাধিকার প্রাপ্ত হবেন। উক্ত অর্থ আন্তর্জাতিক ক্রেডিট/ডেবিট কার্ডেও ছাড় করা যাবে।

০২. দাখিলকৃত আবেদনপত্রের যথার্থতার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল সাপেক্ষে প্রকৃত প্রয়োজনে উল্লিখিত প্রাধিকারের অতিরিক্ত অর্থ ছাড়ের বিষয়টি বাংলাদেশ ব্যাংক হতে বিবেচনা করা হবে।

অনুগ্রহপূর্বক উল্লিখিত সংশোধনী সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯